ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)
৮ রাজউক এভিনিউ, ঢাকা।
www.icb.gov.bd
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং-৫৩.১৩.০০০০.০০৯.১১.০০১.২৬. ৪২৫

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩
২০ মে ২০২৬

বিজ্ঞপ্তি

‘সহকারী প্রোগ্রামার’ (গ্রেড-৯) পদে নিয়োগের নিমিত্ত রিপোর্টিং প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এর ২৭ এপ্রিল ২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নং- ১৩৬/২০২৬ এর মাধ্যমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর ‘সহকারী প্রোগ্রামার’ (গ্রেড-৯) পদে প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নে বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণের অনুকূলে রিপোর্টিং এর নিমিত্ত পত্র ইস্যু করা হয়েছে:

১৪৫০৯, ১৪৪০৭, ১১৩২৫ = ০৩ জন

০২। বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে কর্পোরেশনের ওয়েবসাইট (**www.icb.gov.bd**) হতে পুলিশ ভেরিফিকেশন রোল ফরম ডাউনলোডকরতঃ যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্রাদি ক্রমানুসারে সংযুক্ত করে আগামী ০৭ জুন ২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় **সহকারী মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪), ৮ রাজউক এভিনিউ, ঢাকা** এর নিকট রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো:

১) রোল নম্বর, মোবাইল নম্বর এবং ই-মেইল অ্যাড্রেস উল্লেখপূর্বক ‘সহকারী প্রোগ্রামার’ পদে যোগদানে ইচ্ছুক মর্মে স্বহস্তে লিখিত আবেদনপত্র;
২) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি (ল্যাব প্রিন্ট);
৩) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত প্রবেশপত্র;
৪) আবেদনকালীন চলমান ডিগ্রি/আবেদন পরবর্তীকালীন সম্পাদিত স্নাতকোত্তর/সমমান ডিগ্রির সনদের সত্যায়িত কপি;
৫) অনলাইন আবেদনে উল্লিখিত সর্বশেষ অর্জিত ডিগ্রির সপক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
৬) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি;
৭) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;
৮) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
৯) কোটার সপক্ষে প্রমাণক হিসেবে প্রয়োজনীয় দলিলাদির সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৩। আগামী **০৭ জুন ২০২৬** তারিখে বর্ণিত রোল নম্বরধারী কোনো প্রার্থী নির্দেশিত ফরম ও কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে কর্পোরেশনে নিয়োগের জন্য তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন।

(মোঃ মারুফ বিল্লাহ)
সহকারী মহাব্যবস্থাপক
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
ই-মেইল: agm_hr@icb.gov.bd
ফোন : ০২-৪১০৫৪৬০১